



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৭ মার্চ ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### পানছড়িতে ইউপিডিএফ সদস্য আটকের নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির পানছড়ি উপজেলার নালকাবা এলাকায় আজ ২৭ মার্চ ২০১৫ শুক্রবার সকালে পীরেন্দ্র ত্রিপুরা (৩৫) নামে এক ইউপিডিএফ সদস্যকে আটক করেছে সেনাবাহিনী। তিনি রামগড় উপজেলার পাতাছড়া ইউনিয়নের নিশি কুমার ত্রিপুরার ছেলে।

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা সমন্বয়ক প্রদীপন খীসা এক বিবৃতিতে এ আটকের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, শুক্রবার সকাল সোয়া ৮টার দিকে পীরেন্দ্র ত্রিপুরা সাংগঠনিক কাজে নালকাবা এলাকায় একটি দোকানে অবস্থান করছিলেন। এ সময় টহলরত একদল সেনাবাহিনী সেখান থেকে তাকে আটক করে শারীরিক নির্যাতনের পর পানছড়ি থানায় হস্তান্তর করে। তার বিরুদ্ধে কোন মামলা বা ওয়ারেন্ট ছিল না।

বিবৃতিতে তিনি বলেন, পার্বত্য চট্টগ্রামে অধিকার আদায়ের লক্ষ্যে ইউপিডিএফের নেতৃত্বে জনগণের ন্যায়সঙ্গত আন্দোলনকে বাধাগ্রস্ত করতে সেনাবাহিনী অন্যায়ভাবে নেতা-কর্মীদের ধরপাকড় চালাচ্ছে এবং মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে আটক পীরেন্দ্র ত্রিপুরার নিঃশর্ত মুক্তি এবং অন্যায় ধরপাকড় বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।